

কিছু শিক্ষকের অবহেলার কারণে কোচিং সেন্টারগুলোর জন্ম হয়েছে—শিক্ষা প্রতিমন্ত্রী

প্রেস বিজ্ঞপ্তি : 'বাংলাদেশ শিক্ষা ব্যবস্থায় কোচিং-এর বর্তমান ও ভবিষ্যৎ গতিধারা' শীর্ষক এক সেমিনার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকা কার্যালয়ে গত ২৯ অক্টোবর অনুষ্ঠিত হয়। এতে মুখ্য আলোচক ও প্রধান অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন, বিশেষ আলোচক ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ হাফিজ জি এ সিদ্দিকী, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির ডাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ বজলুল মবিন চৌধুরী, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলর ডঃ মুহম্মদ আযহার-উদ্-দীনসহ বেশ কয়েকজন প্রথিতযশা শিক্ষাবিদ ও শিক্ষা উদ্যোক্তা। মডারেটর-হিসেবে দায়িত্ব পালন করেন স্বাগতিক প্রতিষ্ঠান 'বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস'-এর সম্পাদক এম হেলাল।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, কোচিং-এর জন্ম হয়েছে কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের অবহেলার কারণে। তারা যদি ক্লাসে ঠিকমত পাঠদান করতেন তাহলে কোচিং সেন্টার এত ঢাল্যভাবে গড়ে উঠত না। তাই যেমনি কোচিং-এর প্রয়োজনীয়তা রয়েছে তেমনি শিক্ষার্থীদের মেধা উন্নয়নেও কোচিং সেন্টারগুলোকে আরো গঠনমূলক ভূমিকা রাখতে হবে।

'বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস' পত্রিকার ২০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ডঃ এ এম সাদউল্লাহ, প্রফেসর কাজী ফারুক আহমেদ, প্রিন্সিপাল নাজির উদ্দিন আহমেদ, প্রফেসর মোঃ মোসলেম আলী, লায়ন নজরুল ইসলাম, প্রফেসর মোঃ খুরশিদ আলম, প্রিন্সিপাল মোবিনা বাতুন, প্রিন্সিপাল সাহিদুল নাহার, প্রিন্সিপাল মাহফুজুল হক, কোচিং এসোসিয়েশনের সভাপতি এম এ হালিম টিটো ও সাধারণ সম্পাদক আহসান হাবীব কামাল প্রমুখ।